

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ৩২৩-আইন/২০১৯/৮৫-মূসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১৩০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায় বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ঙ) মূল্য সংযোজন কর বিভাগে জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেডের নিম্নে নহেন এমন পদে কাজ করিবার অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক ডিগ্রী সমাপ্তির একাডেমিক সনদ প্রদানের পর হইতে ৫ (পাঁচ) বৎসর কাজের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড অ্যাকাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারী বা কন্স্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্টগণকে উহাদের পঠিত সিলেবাসে মূল্য সংযোজন কর বিষয়ক কোর্স অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে আবেদন যথাযথ পাইলে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত মূসক পরামর্শক লাইসেন্স প্রদান করা যাইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ তারেক হাসান

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৩৫২৭)

মূল্য : টাকা ৪.০০